NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)

স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রয়োগ
পরীক্ষার তথ্য

NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)
PO বাক্স 22001, Albany, NY 12201-2001

***** এখন শুধু ম্যনেকিনের দরকার – জীবন্ত মডেলের নয় *****

প্রায়োগিক পরীক্ষার সময় নির্ধারণ

প্রায়োগিক পরীক্ষাগুলোকে অবশ্যই অনলাইনে নির্ধারণ করতে হবে। আপনার আবেদন অনুমোদিত হওয়ার পর, আপনার আবেদনপত্রে দেওয়া ইমেইল অ্যাড্রেসে একটি ইমেইল পাঠানো হবে। সেই ইমেইলে একটি লিংক দেওয়া থাকবে, যার মাধ্যমে আপনি আপনার পরীক্ষার সময় নির্ধারণ করতে পারবেন।

আপনি যখন পরীক্ষার সময় নির্ধারণ করবেন, তখন $15 ফি দিতে হবে যা ফেরতযোগ্য নয়। আপনাকে যদি পরীক্ষার সময় পরিবর্তন করতে হয়, তাহলে নির্ধারিত পরীক্ষার তারিখের থেকে অন্তত ছয় দিন আগে সেটা করতে হবে। **যদি আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টটি বাতিল করেন, নির্ধারিত পরীক্ষায় দেরিতে পৌঁছান, অথবা পরীক্ষায় উপস্থিত না হন, তাহলে আপনি আপনার পরীক্ষার ফি ফেরত পাবেন না।**

বিঃদ্রঃ যদি আপনি বিশেষ পরীক্ষার ব্যবস্থা চেয়ে উপযুক্ত নথিপত্র জমা দিয়ে থাকেন, তাহলে লাইসেন্স পরিষেবা বিভাগের একজন প্রতিনিধি আপনার সঙ্গে যোগাযোগ করে আপনার পরীক্ষার নির্ধারিত সময় জানিয়ে দেবেন। যেসব পরীক্ষার জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন, সেগুলোর সময় আপনি অনলাইনে নিজে থেকে নির্ধারণ করতে পারবেন না।

প্রায়োগিক পরীক্ষায় প্রবেশাধিকার

এই পরীক্ষায় প্রবেশাধিকার পাওয়ার জন্য আপনাকে অবশ্যই সরকার দ্বারা জারি করা ফটোসহ শনাক্তকৃত সাক্ষর যুক্ত একটি পরিচয়পত্র নিয়ে আসতে হবে। আপনার পরিচয়পত্র **অবশ্যই বৈধ হতে হবে** এবং নিম্নলিখিত তালিকার মধ্যে থেকে হতে হবে:

- ড্রাইভার'স লাইসেন্স
- স্টেট কর্তৃক জারি করা পরিচয়পত্র (যেমন, নন-ড্রাইভার আইডি)
- IDNYC কার্ড (NYC-এর পরিচয়পত্র):
- মিলিটারি আইডি
- মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট
- কর্মসংস্থান অনুমোদনের কার্ড (মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার পক্ষ থেকে জারি করা)
- মার্কিন যুক্তরাষ্ট্রের INS কর্তৃক জারি করা পরিচয়পত্র
- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের সনদপত্র
- বিদেশী পাসপোর্ট
- ব্রাজিলিয়ান, মেক্সিকান, হন্ডুরান, এবং ইকুয়েডরিয়ান কনস্যুলার আইডি

- মেক্সিকোর ভোটার আইডি কার্ড

আপনার পরিচয়পত্রে থাকা নাম ও পদবী পরীক্ষা নির্ধারণ করার সময় ব্যবহৃত নাম ও পদবীর সঙ্গে হুবহু মিলে যেতে হবে। যদি আপনার পদবী হাইফেন (-) দিয়ে যুক্ত থাকে, তাহলে অনুগ্রহ করে পুরো নাম ও পদবী সম্পূর্ণভাবে উল্লেখ করুন। যদি আপনার নাম ও পদবী আপনার পরিচয়পত্রে দেওয়া নাম ও পদবীর সাথে হুবহু না মেলে, তাহলে সেক্ষেত্রে আপনাকে পরীক্ষায় বসার অনুমতি না দেওয়ার অধিকারও আমাদের কাছে আছে।

প্রায়োগিক পরীক্ষার প্রস্তুতি

আপনাকে অবশ্যই পরীক্ষায় যথাযথ পোশাক পরে উপস্থিত থাকতে হবে, যা স্বাভাবিক চুলের স্টাইলিং পরিষেবা প্রদানের জন্য উপযুক্ত। আপনার কাছে নিম্নলিখিত নির্দেশিকাগুলো মেনে চলার প্রত্যাশা করা হবে:

1) পরিষ্কার, ধোয়া যায়, এমন বাহ্যিক পোশাক (স্মক বা গাউন) পরা আবশ্যক (বিঃদ্রঃ: অ্যাপ্রোন পরা চলবে না)।
2) পায়ের উপরের অংশ ঢেকে রাখে এমন ক্লোজ্‌ড-টো সু পরতে হবে (ক্যানভাসের জুতা চলবে না)।
3) ভারী বা ঝুলে থাকা গয়না পরা থেকে বিরত থাকুন।
4) চুইংগাম খাওয়া, মোবাইল ফোন ব্যবহার করা বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা অনুমোদিত নয়।
5) পরীক্ষা দিতে আসার আগে সাবান ও জল দিয়ে ভালোভাবে হাত ধুয়ে আসতে হবে; পাশাপাশি আপনাকে পুরো পরীক্ষাটি চলাকালীন 60% বা তার বেশি অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
6) পরীক্ষা কেন্দ্রে আগ্নেয়াস্ত্র আনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এই নীতি সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আমাদের পরীক্ষা কেন্দ্রের সাথে (518) 473-2731 নম্বরে যোগাযোগ করুন।

বিঃদ্রঃ: ডিসপোজেবল গ্লাভস ব্যবহারের ক্ষেত্রে কোনো বাধ্যবাধকতা নেই।

আপনাকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে আপনার সঙ্গে করে এমন একটি ম্যানেকিন নিয়ে আসতে হবে যা সরবরাহ তালিকায় উল্লেখিত সকল শর্তগুলিকে পূরণ করে। এটি পূরণ করতে না পারলে, আপনি পরীক্ষায় অংশগ্রহণ করার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন। ম্যানেকিনের ত্বক ও চুল পরিষ্কার থাকতে হবে এবং চুলের দৈর্ঘ্য (মাথার শীর্ষস্থানে) কমপক্ষে চার ইঞ্চি হতে হবে। জীবন্ত মডেল নেওয়ার অনুমতি দেওয়া হবে না।

এছাড়াও আপনাকে অবশ্যই সরবরাহ তালিকায় উল্লেখিত আপনার পরীক্ষার সকল সরঞ্জাম ও উপকরণ নিজেই নিয়ে আসতে হবে। প্রয়োজনীয় সরঞ্জাম বা উপকরণ সঙ্গে করে না নিয়ে আসলে, আপনাকে পরীক্ষার কিছু প্রক্রিয়া সম্পাদনের অনুমতি নাও দেওয়া হতে পারে। **বিঃদ্রঃ: পরীক্ষার্থীদের মধ্যে সরঞ্জাম শেয়ার করা অনুমোদিত হবে না।**

*****পরীক্ষায় সই করার জন্য অনুগ্রহ করে আপনার নিজস্ব কলম নিয়ে আসবেন*****

প্রায়োগিক পরীক্ষার পদ্ধতি

স্বাভাবিক চুলের স্টাইলিং করার প্রায়োগিক পরীক্ষা বিভিন্ন ধাপের সমন্বয়ে গঠিত, যেখানে আপনাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি কাজ সম্পন্ন করতে হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে আপনাকে নিম্নলিখিত পদ্ধতিগুলো প্রদর্শন করাতে হবে:

- **কাজের জায়গা ও ম্যানেকিন প্রস্তুতকরণ** *(15 মিনিট)*
- **লকিং (চুলে লক তৈরি করা)** *(30 মিনিট)*

- **ব্রেইডিং (চুলে বেনী বা বিনুনি তৈরি করা)** *(30 মিনিট)*
- **কর্নরোইং (মাথার ত্বকের কাছাকাছি সরল রেখায় চুলে ঘন বেণি তৈরি করা)** *(30 মিনিট)*
- **উইভিং (চুল বোনা, যা সাধারণত এক্সটেনশন নামে পরিচিত)** *(30 মিনিট)* - **এতে কাজের জায়গা পরিস্কার করাও অন্তর্ভুক**

NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES) পরীক্ষার সময় এই নথিগুলি ব্যবহার করার অনুমতি আপনাকে দেওয়া হবে না। স্বাভাবিক চুলের স্টাইলিং করার প্রায়োগিক পরীক্ষা সম্পন্ন হতে প্রায় 2-1/2 ঘণ্টা সময় লাগবে।

পুরো পরীক্ষাটি চলাকালীন নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী মেনে চলতে হবে। প্রায়োগিক পরীক্ষায় যেসব অতিরিক্ত নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণের নিয়মাবলী অনুসরণ করা এখন বাধ্যতামূলক করা হয়েছে, অনুগ্রহ করে সেগলির সম্পর্কে জেনে রাখুন।

যোগাযোগের তথ্য

ডিপার্টমেন্ট অফ স্টেট-এর প্রায়োগিক পরীক্ষা ইউনিটকে exams@dos.ny.gov-এতে ইমেইল করে তাদের সাথে যোগাযোগ করতে পারেন। সাধারণ তথ্যের জন্য, আপনি লাইসেন্স পরিষেবা বিভাগের সঙ্গে 518-474-4429 নম্বরে যোগাযোগ করতে পারেন। লাইসেন্স সংক্রান্ত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov-এ যান।

পরীক্ষা বাতিল হওয়া

আবহাওয়াজনিত কারণে বা অন্য কোনো জরুরি পরিস্থিতিতে পরীক্ষা বাতিল হতে পারে।

পরীক্ষা বাতিল করা হয়েছে কি না তা জানতে, আপনি লাইসেন্স পরিষেবা বিভাগের ওয়েবসাইট (https://dos.ny.gov/licensing-services), ডিপার্টমেন্ট অফ স্টেট-এর ফেসবুক পেজ (https://www.facebook.com/NewYorkDepartmentOfState/), এবং টুইটার (@NYSDOS) অ্যাকাউন্ট দেখতে পারেন অথবা 518-474-4429 নম্বরে ফোন করতে পারেন।

পরীক্ষার ফলাফল

পরীক্ষার ফলাফল দেখার জন্য উপলব্ধ হলে, আপনাকে তা ইমেইলের মাধ্যমে জানানো হবে। পরীক্ষার ফলাফল দেখতে হলে আপনাকে আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করে পরীক্ষার বিভাগে যেতে হবে। যারা প্রায়োগিক পরীক্ষা উত্তীর্ণ হবেন, তাদের কাছে নিউ ইয়র্ক স্টেটের দ্বারা জারি করা স্বাভাবিক চুলের স্টাইলিং করার লাইসেন্স ডাকযোগে পাঠানো হবে। যদি আপনি পরীক্ষায় ফেল করেন, তবে আপনি আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করে পুনরায় পরীক্ষা দেওয়ার সময় নির্ধারণ করতে পারবেন। পরীক্ষার সময় বা ফোনের মাধ্যমে ফলাফল জানানো হবে না। আপনি আপনার পরীক্ষার ফলাফলের বিরুদ্ধে আপিল করতে পারবেন না।

পরীক্ষার ফলাফল শুধুমাত্র পাস বা ফেল হিসেবেই জানানো হবে; আপনাকে কোনো সংখ্যাগত নম্বর দেওয়া হবে না। পাস করা পরীক্ষার ফলাফল শুধুমাত্র পাঁচ বছরের জন্য বৈধ থাকবে। পরীক্ষার ফলাফল আপনার অনলাইন অ্যাকাউন্টে উপলব্ধ থাকবে। https://my.ny.gov/ -এতে আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করুন। যদি আপনি পরীক্ষায় ফেল করেন, তাহলে আপনি আপনার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে আবার পরীক্ষার সময় নির্ধারণ করতে পারবেন।

বিশ্লেষণের অনুরোধ

যদি আপনি পরীক্ষায় ফেল করেন, তাহলে আপনি exams@dos.ny.gov -এতে ইমেইল করে আপনার প্রায়োগিক পরীক্ষার বিশ্লেষণের অনুরোধ করতে পারেন। বিশ্লেষণ হলো আপনার প্রায়োগিক পরীক্ষায় পাওয়া স্কোরের একটি প্রতিবেদন বা ছোটো ছোটো অংশে সেটির বিভাজন, যা আপনাকে আপনার শক্তি ও দুর্বলতা চিহ্নিত করতে সাহায্য করে। আপনাকে অবশ্যই পরীক্ষা দেওয়ার তারিখ থেকে 60 দিনের মধ্যে বিশ্লেষণের জন্য অনুরোধ করতে হবে। যারা প্রায়োগিক পরীক্ষায় পাস করেছেন, তাদের জন্য বিশ্লেষণ প্রদান করা হবে না।

স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রায়োগিক পরীক্ষার তথ্য (04/2025)